গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং-৪৬.৬০.৯০০০.০১১.১০.০২২.১৫- ৫২৬(১০৫)　　　　　　　　তারিখ : ২৭ জুলাই, ২০১৭।

বিষয়: জাতীয় শোক দিবস, ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে গত ১৮/০৭/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০১৭ পালন উপলক্ষে গত ১৮/০৭/২০১৫ তারিখে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত সভার সিদ্ধান্তের আলোকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ কার্যবিবরণী ০২(দুই) পাতা।

২৭/৭/১৭

(কামরুজজামান)
উপ-পরিচালক(ভারপ্রাপ্ত)
স্থানীয় সরকার, সুনামগঞ্জ
ফোন : ০৮৭১-৬১৬১৫

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
২। মেয়র, সুনামগঞ্জ/ছাতক পৌরসভা, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ................................(সকল), সুনামগঞ্জ।
৩। মেয়র, জগন্নাথপুর/দিরাই পৌরসভা, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ (সকল)
উপজেলা....................................................জেলা- সুনামগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
www.sunamganj.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ঃ**

সভার তারিখ ও সময় ঃ ১৮ জুলাই ২০১৭, বিকাল ৩.৩০টা

সভার স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভাপতি ঃ মোঃ সাবিরুল ইসলাম
জেলা প্রশাসক, সুনামগঞ্জ।.

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিগত সনের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিস্তারিত আলোচনান্তে সুনামগঞ্জ জেলায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের নিমিত্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা করা হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৪/৮/২০১৭<br>সোমবার<br>দুপুর ২.০০ টা | বঙ্গবন্ধুর উপর ডকুমেন্টারী প্রদর্শনী<br>স্থানঃ জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ | জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ |
| ১৪/৮/২০১৭<br>সোমবার<br>বিকাল ৪.০০ টা | **চিত্রাংকন প্রতিযোগিতা**<br>ক বিভাগ- অনুর্দ্ধ ৩য় শ্রেণি - উন্মুক্ত<br>খ বিভাগ- ৪র্থ শ্রেণি হতে ৭ম শ্রেণি- স্বাধীনতা যুদ্ধে বঙ্গবন্ধু<br>গ বিভাগ - ৮ম হতে দ্বাদশ শ্রেণি - বঙ্গবন্ধুর প্রতিকৃতি<br>স্থান - জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ। | জেলা শিশু একাডেমি, সুনামগঞ্জ। |
| ১৪/৮/২০১৭<br>সোমবার<br>বিকাল ৫.০০ টা | **উপস্থিত রচনা লিখন প্রতিযোগিতা**<br>ক বিভাগ- ৪র্থ হতে ৭ম শ্রেণি - বঙ্গবন্ধুর বাল্যজীবন<br>খ বিভাগ- ৮ম হতে দ্বাদশ শ্রেণি- বঙ্গবন্ধু ও বাংলাদেশ।<br>স্থানঃ জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ। | জেলা শিশু একাডেমি, সুনামগঞ্জ। |
| ১৫/৮/২০১৭<br>সূর্যোদয়ের সাথে সাথে<br>মংগলবার | প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | সকল প্রতিষ্ঠান প্রধান ও ভবন মালিকগণ |
| ১৫/৮/২০১৭<br>সকাল-৯.৩০ টা | সুনামগঞ্জ কালেক্টরেট চত্বরে শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি ফলকে অস্থায়ীভাবে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | স্ব-স্ব প্রতিষ্ঠান ও সামাজিক সাংস্কৃতিক সংগঠন |
| ১৫/৮/২০১৭<br>বেলা-১০.০০ টা | আলোচনা সভা<br>স্থান- জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ। | জেলা প্রশাসন, সুনামগঞ্জ |
| ১৫/৮/২০১৭<br>বাদ জোহর | কোরআন খতম, মিলাদ ও দোয়া মাহফিল<br>স্থান - কেন্দ্রীয় জামে মসজিদ, সুনামগঞ্জ। | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ। |
| ১৫/৮/২০১৭<br>বিকাল ৫.০০টা | জাতীয় শোক দিবস উপলক্ষে মন্দিরে আলোচনা সভা ও বিশেষ প্রার্থনা<br>স্থান- শ্রী রামকৃষ্ণ আশ্রম, সুনামগঞ্জ। | জেলা প্রশাসন ও সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প, সুনামগঞ্জ। |
| ১৫/৮/২০১৭<br>সুবিধাজনক সময়ে | মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও দোয়া। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ১৫/৮/২০১৭<br>নিজ নিজ<br>সুবিধাজনক সময়ে | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, হাম্দ ও নাত প্রতিযোগিতা, মিলাদ মাহফিল ও মোনাজাত। | জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,সুনামগঞ্জ। |
| ১৫/৮/২০১৭<br>সুবিধাজনক সময়ে | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাহায্যপুষ্ট এতিমখানাসমূহে জাতীয় শোক দিবস উপলক্ষে কোরআন খতম, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত। | উপ-পরিচালক সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জ। |
| [illegible] | জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে যথাযোগ্য মর্যাদায় | উপ-পরিচালক, স্থানীয় |

৯. জেলায় গৃহীত কর্মসূচীর সাথে সামঞ্জস্যপূর্ণ অনুরূপ কর্মসূচী গ্রহণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

১০. জাতীয় শোক দিবসের প্রতিটি কর্মসূচীতে জেলার সকল মাননীয় সংসদ সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় এবং প্রতিটি কর্মসূচীতে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

১১. জাতীয় শোক দিবসের প্রতিটি কর্মসূচীতে জেলার সকল বিভাগের কর্মকর্তাগণকে অবশ্যই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

১২. জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে স্ব-স্ব কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।

১৩. ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে শ্রী রামকৃষ্ণ আশ্রমে আলোচনা সভা ও বিশেষ প্রার্থনার আয়োজন করার জন্য সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।

১৪. জাতীয় শোক দিবসের প্রতিটি কর্মসূচিতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীগণের আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অফিস প্রধানদের অনুরোধ করা হয়।

পরিশেষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গৃহীত অনুষ্ঠানে উপস্থিতি কামনা করে সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/৭/২০১৭
( মোঃ সাবিরুল ইসলাম )
জেলা প্রশাসক
ফোন: ০৮৭১-৬২০০০

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০৭.০৫.০০১.১৬-৬০৭( ৬০)

০৫ শ্রাবণ ১৪২৪
তারিখ ঃ -----------------
২০ জুলাই ২০১৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. কমিশনার, সিলেট বিভাগ,সিলেট।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

৫. পুলিশ সুপার,সুনামগঞ্জ।
৬. মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,সুনামগঞ্জ।
৯. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব/ সার্বিক/ শিক্ষা ও তথ্য প্রযুক্তি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
১০. উপজেলা নির্বাহী অফিসার,..............................................................(সকল), সুনামগঞ্জ।
১১. ..........................................................................................সুনামগঞ্জ।

২০/৭/১৭
( মোহাম্মদ নাহিদ হাসান খান )